# জিয়াউল আহসানের জলসিঁড়ির বাড়িতে দুদকের অভিযান



সংগৃহীত ছবি

ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টারের (এনটিএমসি) সাবেক মহাপরিচালক ও বরখাস্ত সাবেক সেনা কর্মকর্তা মেজর জেনারেল জিয়াউল আহসানের জলসিঁড়ি আবাসন প্রকল্পের আটতলা বাড়িতে অভিযান চালিয়েছে দুর্নীতি দমন কমিশন (দুদক)।

সোমবার (২০ জুলাই) সকালে দুদকের উপ-পরিচালক হাফিজুল ইসলামের নেতৃত্বে একটি দল ওই বাড়িতে অভিযান শুরু করে। দুদক জানায়, বাড়িতে থাকা বিভিন্ন মালামালের তালিকা প্রস্তুত ও জব্দের কার্যক্রম চলছে।

এর আগে ২০২৪ সালের ১৬ আগস্ট গভীর রাতে রাজধানীর খিলক্ষেত এলাকা থেকে জিয়াউল আহসানকে গ্রেফতার করা হয়। এরপর থেকে তিনি কারাগারে রয়েছেন। এ সময়ের মধ্যে তার বিরুদ্ধে একাধিক মামলা দায়ের হয়েছে।

দুদকের আবেদনের পর গত ৭ জানুয়ারি জ্ঞাত আয়ের সঙ্গে অসঙ্গতিপূর্ণ সম্পদ অর্জনের মামলায় তাকে গ্রেফতার দেখানো হয়। মামলার অভিযোগে বলা হয়, ক্ষমতার অপব্যবহার করে তিনি নিজের নামে প্রায় ২২ কোটি ২৭ লাখ ৭৮ হাজার টাকার অবৈধ সম্পদ অর্জন করেছেন। এছাড়া অনুমোদিত সীমার বাইরে ৫৫ হাজার মার্কিন ডলার জমা রাখারও অভিযোগ রয়েছে।

এজাহারে আরও উল্লেখ করা হয়, জিয়াউল আহসান বিভিন্ন ব্যাংক হিসাবের মাধ্যমে বিপুল অঙ্কের অর্থ লেনদেন করেছেন। তার স্ত্রী নুসরাত জাহানের সহযোগিতায় এসব অর্থ বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানের নামে স্থানান্তর ও রূপান্তরের অভিযোগও রয়েছে। তার নামে থাকা আটটি ব্যাংক হিসাবে প্রায় ১২০ কোটি টাকার অস্বাভাবিক লেনদেনের তথ্য পেয়েছে দুদক। এসব অভিযোগে তার বিরুদ্ধে দুদক আইন, দণ্ডবিধি, মানি লন্ডারিং প্রতিরোধ আইন ও দুর্নীতি প্রতিরোধ আইনে ব্যবস্থা নেওয়া হয়েছে।